# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**11 MARCH 2026 7:45—7:55**

---

(১) মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের প্রথম পর্যায়ে বারো হাজার ৯০০ জন যুবক যুবতীকে দ্বিতীয় কিস্তির অর্থ প্রদান/

(২) আসামে রান্নার গ্যাসের ঘরোয়া সিলিন্ডারের অভাব হবে না বলে মুখ্যমন্ত্রীর মন্তব্য/

(৩) সুপ্রীম কোর্টের দেশে প্রথমবারের জন্যে ইচ্ছা মৃত্যুতে অনুমতি প্রদান/

এবং

(৪) প্রধানমন্ত্রীর আসাম সফরের পরিপ্রেক্ষিতে বরাক উপত্যকা এবং কোকরাঝাড়ে ব্যাপক প্রস্তুতি/

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যের অর্থনৈতিক উন্নয়নের দিকে ফলপ্রসূ ব্যবস্থা গ্রহণে এগিয়ে আসতে যুব সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন । রাজ্যের অর্থনৈতিক দিক শক্তিশালী করে তুলতে যুবক যুবতীদের আত্মনির্ভর করে তোলার ওপর তিনি গুরুত্ব আরোপ করেন ।মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের প্রথম পর্যায়ের অধীনে গৌহাটীর খানাপারার পশু চিকিৎসা বিজ্ঞান মহাবিদ্যালয় খেলার মাঠে দ্বিতীয় কিস্তির অর্থ বিতরণের উদ্দেশ্যে আজ আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন ।তিনি অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের প্রথম পর্যায়ের অধীনে ১২ হাজার ৯০০ জন যুবক যুবতীকে দ্বিতীয় কিস্তির অর্থ প্রদান করেন ।

গৌহাটীর অনুষ্ঠানের পরই মুখ্যমন্ত্রী কার্বি আংলং এ যান । জেলার তারালাংসতে তিনি ডিফু কর্কট চিকিৎসা কেন্দ্র ও চারলেনের খরসিং টেরাং ইংগারকাপ উড়াল সেতুর

উদ্বোধন করেন ।  তারালাংসতে ২৭০ কোটি  টাকা ব্যয়ে নির্মাণ করা কর্কট কেন্দ্রটির মাধ্যমে রোগীরা কর্কট রোগের বিশেষ চিকিৎসা লাভ করবে । একইভাবে ২২৮ কোটি টাকা ব্যয় সাপেক্ষে নির্মাণ করা খরসিং টেরাং ইংজারকাপ উড়াল সেতুর মাধ্যমে শহরের যানযটের  সমস্যা যথেষ্ট হ্রাস পাবে বলে আশা করা হচ্ছে । মুখ্যমন্ত্রী ড: শর্মা পরিকাঠামো উন্নয়নের জন্য নতুন দিকের সূচণা করে দুহাজার ১০৯ কোটি টাকা ব্যয় সাপেক্ষে শতাধিক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তি প্রস্তর স্থাপন করেন ।এরপর মুখ্যমন্ত্রী যোরহাটের  উদ্দেশ্যে রোয়ানা দেন ।

---------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মূ জল সংরক্ষণ দেশের প্রত্যেক নাগরিকের দায়িত্ব বলে মত প্রকাশ করেছেন ।নতুন দিল্লীতে আজ অনুষ্ঠিত জল মহোৎসব -২০২৬ এ অংশ গ্রহণ করে তিনি জলকে অত্যন্ত মুল্যবান সম্পদ হিসেবে গণ্য করে পরবর্তী প্রজন্মের জন্য এর সংরক্ষণের ওপর গুরুত্ব আরোপ করেন । অনুষ্ঠানে ভাষণ প্রসংগে বহনক্ষম ভবিষ্যত সুরক্ষিত রাখতে জল সংরক্ষণ খুব প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন ।জল সংরক্ষণ শুধু একটি অভ্যাস নয় বরঞ্চ জীবন ধারণের পদ্ধতি হিসেবে গড়ে তোলার প্রচেষ্টা করতে তিনি সকলকে পরামর্শ দেন । রাষ্ট্রপতি বলেন নল জলমিত্র কার্যসূচীর আধীনে আত্মসহায়ক গোষ্ঠীর গ্রামীন যুবক যুবতী ও মহিলাদের জল সরবরাহ ব্যবস্তা পরিচালনায় তথা সংরক্ষণে সক্রিয় অংশীদার হিসেবে গড়ে তোলার জন্য প্রশিক্ষণ দেওয়া হয়েছে । এই পদক্ষেপ শুধু জল সংরক্ষণে প্ররণা যোগানো ই নয় গ্রামাঞ্চলে কর্মসংস্থানের সুযোগের ও সৃষ্টি করেছে বলে তিনি বলেন ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় ক্যাবিনেট জলজীবন মিশনের কার্যকালের মেয়াদ ২০২৮ সালের ডিসেম্বর মাস পর্যন্ত বাড়ানোর বিষয়ে অনুমোদন জানিয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে গতকাল অনুষ্ঠিত ক্যাবিনেটের বৈঠকে জলজীবন মিশনকে সেবা প্রদানকারী অভিযানে রূপান্তরিত করার লক্ষ্যে কাঠামোগত পরিবর্তন আনার সিদ্ধান্ত গ্রহণ করেছে । এর অংশ হিসেবে ‘সুজলম ভারত’ সূচির আওতায় জাতীয় ডিজিট্যাল মঞ্চের সূচনা করে পর্যবেক্ষণ চালানো হবে । ক্যাবিনেট একইসঙ্গে জলজীবন মিশন অতিরিক্ত ৮ লক্ষ ৬৯ হাজার কোটি টাকা ব্যয়ে-ও অনুমোদন জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------

আসামে রন্ধন গ্যাসের গ্যাস সিলিন্ডারের সংকট সৃষ্টি হয়নি বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা মন্তব্য করেছেন । ইরান  ও আমেরিকা - ইজরায়েলের মধ্যে  যুদ্ধের পরিপ্রেক্ষিতে আসামে রন্ধন গ্যাসের সংকট দেখা বলে বেশ কিছু খবর প্রকাসিত হবার পর মুখ্যমন্ত্রী

আজ একথা জানান । মুখ্যমন্ত্রী ড: শর্মা এসম্পর্কে সাংবাদিকদের কাছে বলেন যে ভারতে সম্প্রতি ৪০ টি দেশ থেকে গ্যাস আনার ব্যবস্থা করা হয়েছে । রাশিয়া ভারতে নতুনভাবে গ্যাস ও তেল পাঠাবার ব্যবস্থা করেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশে গ্যাসের সংকট হতে দেবেননা বলে তিনি প্রকাশ করেন ।

------------

বাইট

-------------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট দেশে প্রথমবারের জন্যে ইচ্ছামৃত্যুর অনুমতি প্রদান করেছে । আদালত প্রায় বারো বছর ধরে সংজ্ঞাহীন এবং সম্পূর্ণ অক্ষম অবস্থায় চিকিৎসাধীন হরিশ রাণা নামের এক ব্যক্তির কৃত্রিম জীবনরক্ষা প্রণালী বন্ধ করার ক্ষেত্রে অনুমতি প্রদান করেছে । ২০১৩ সালে চারতলা থেকে পড়ে মাথায় গুরুতর আঘাতপ্রাপ্ত হয়ে ৩২ বছর বয়সের ওই ব্যক্তি দিল্লির অখিল ভারতীয় চিকিৎসা বিজ্ঞান প্রতিষ্ঠান- এইম্স’এ কৃত্রিম জীবনরক্ষা প্রণালীর সাহায্যে চিকিৎসাধীন ছিলেন । উল্লেখ্য- বিগত সময়ে হরিশ রাণার কৃত্রিম জীবনরক্ষা প্রণালীর বন্ধ করার অনুমতি চেয়ে তার পরিবার আদালতে বেশকয়েকবার আবেদন দাখিল করেছিল ।

-------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুদিনের আসাম সফরে আগামী শনিবার আসছেন । এই উপলক্ষে কাছাড়, কোকরাঝাড় ও কামরূপ মহানগর সহ সংশ্লিষ্ট জেলাগুলিতে প্রশাসনের পক্ষ থেকে প্রস্তুতি অব্যাহত রয়েছে । তার এই সফরকালে প্রধানমন্ত্রী ৩৭ হাজার ৫০০ কোটি টাকা ব্যয়সাপেক্ষে বেশকয়েকটি প্রকল্পের উদ্বোধন করবেন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । প্রধানমন্ত্রী প্রথমে কোকরাঝাড়ে একটি জনসভায় অংশ নিয়ে ৪ হাজার ৫৭৪ কোটি টাকার পরিকাঠামো প্রকল্প উদ্বোধন ও শিলান্যাস করবেন। কোকরাঝাড় থেকে তিনি গুয়াহাটি এসে সেখানে ৮ হাজার ৮৪১ কোটি টাকার বেশকয়েকটি প্রকল্প জনসাধারণের জন্য উৎসর্গ করবেন এবং বেশকয়েকটি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । শ্রী মোদী ৭৮০ কোটি টাকা ব্যয়সাপেক্ষে নুমুলীগড়-শিলিগুড়ি প্রডাক্ট পাইপলাইনের ক্ষমতা বৃদ্ধি প্রকল্পের উদ্বোধন করবেন । তিনি একইসঙ্গে তিন হাজার ৬৩৩ কোটি টাকা ব্যয়সাপেক্ষে তিনসুকিয়া-ফরকাটিং দ্বৈত রেলপথ এবং এক হাজার ১৮০ কোটি টাকা ব্যয়ে নির্মাণ করা চাপারমুখ ডিব্রুগড় রেলপথ বৈদ্যুতিকীকরণ প্রকল্পের উদ্বোধন করবেন । তিনি রাজ্যের কুড়ি হাজার চাশ্রমিককে জমির পাট্টা বিতরণের কার্যসূচির সূচনা করবেন । প্রধানমন্ত্রী পশ্চিম কার্বি আংলংয়ে দুহাজার ৩২০ কোটি টাকা ব্যয়সাপেক্ষে কপিলী জলবিদ্যুৎ প্রকল্পের উৎপাদন প্রক্রিয়ার সূচনা করবেন

। এছাড়া আগামী ১৪ই মার্চ শিলচরে শ্রী মোদী ২৪ হাজার ৫০৫ কোটি টাকার প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করবেন ।

এদিকে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আগামী রবিবার রাজ্যে আসছেন । সেদিনে সকাল দশটায় তিনি প্রাগজ্যোতিষপুর মেডিকেল কলেজের উদ্বোধন করবেন । এবং পরে সকাল এগারোটায় তিনি বিজেপি'র আয়োজন করা সম্মেলনে অংশগ্রহণ করবেন ।

---------------------------------------------------------------------------------------------

আসাম পুলিশের বিশেষ বাহিনী জেহাদী সংগঠনের সঙ্গে জড়িত থাকার অভিযোগে দুজন লোককে গ্রেপ্তার করেছে । বড়পেটা ও বজালীতে অভিযান চালিয়ে গ্রেপ্তার করা ওই দুজন লোক সাহিদুল ইসলাম এবং জাহিনুর ইসলাম বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে । জেহাদী সংগঠন- আনসারুল্লা বাংলা টিম এবং জামাতুল মুজাহিদীন'এ কাজ করার তথ্যের ভিত্তিতে পুলিশ তাদেরকে গ্রেপ্তার করেছে । উল্লেখ্য- এর আগে জেহাদী কার্যকলাপের বিরুদ্ধে অভিযান চালিয়ে পুলিশ ১৬জনকে গ্রেপ্তার করেছিল ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্যের কৃষি বিভাগের উদ্যোগে এবং কৃষি প্রযুক্তি ব্যবস্থাপনা সংস্থার সহযোগীতায় আজ থেকে শিলচর সদরঘাট মৃত্তিকা পরীক্ষাগার প্রাঙ্গনে কিষান মেলা শুরু হয়েছে । রাজ্যের অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব দেবাশীষ চক্রবর্তী ও জেলা কৃষি আধিকারীক ডক্টর রাহুল চক্রবর্তী দু দিনের কিষান মেলার উদ্বোধন করেন । উদ্বোবনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে কৃষি আধিকারীক ডক্টর চক্রবর্তী বলেন যে এই মেলায় কৃষকরা এক মঞ্চে এসে নতুন নতুন প্রযুক্তি সর্ম্পকে অবগত হতে পারবেন । দু দিনের কিষান মেলায় কৃষক ও কৃষি বিজ্ঞানীদের মধ্যে মত বিনিময় সভা , কৃষি উৎপাদনের উপর প্রতিযোগীতা , কুইজ ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আসন্ন বিধানসভা নির্বাচন সুষ্ঠ , শান্তিপূর্ন ও নিরপেক্ষভাবে পরিচালনা করার লক্ষ্যে আজ জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে আর্দশ আচরণ বিধি বাস্তবায়ন সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত সভায় নির্বাচন কমিশনের জারী করা আর্দশ আচরণ বিধি কঠোরভাবে বাস্তবায়নের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয় । সভায় জেলা আয়ুক্ত শ্রীদ্বিবেদী নির্বাচন চলাকালীন সময়ে প্রশাসনের নিরপেক্ষতা ও স্বচ্ছতা বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন । সেই সঙ্গে প্রত্যেক বিভাগকে নিজেদের দায়িত্ব যথাযথভাবে পালন করতে এবং নির্বাচন কমিশনের নির্দেশিকা কঠোরভাবে অনুসরণ

করার নির্দেশ দেওয়া হয়েছে । সভায় বিভিন্ন বিভাগের উচ্চপদস্থ্ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে শ্রীভূমি জেলায়ও আগামী শনিবার জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । শ্রীভূমি জেলা ও দায়রা জজের আদালত এবং মুখ্য ন্যায় দন্ডাধীশের আদালত প্রাঙ্গণে এই লোক আদালত অনুষ্ঠিত হবে । এতে জেলার বিভিন্ন আদালতে বিচারাধীন আপোষ মীমাংসাযোগ্য দেওয়ানী ও ফৌজদারী মামলার নিষ্পত্তি করা হবে । এছাড়া লোক আদালতে বিচারাধীন মামলা ছাড়াও মামলা দাখিলের আগেও বিবাদের নিষ্পত্তি করা হবে । শ্রীভূমি জেলা আইন সেবা কর্তৃপক্ষ থেকে জাতীয় লোক আদালতের সুযোগ গ্রহণ করার আহ্বান জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার পাথারকান্দি পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল রাতে অভিযান চালিয়ে চেরাগী থেকে ৮ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে । পুলিশ, অভিযানের সময় এক ব্যাক্তিকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে । পুলিশ জানিয়েছে উদ্ধার হওয়া মাদক দ্রব্যের বাজার মূল্য আনুমানিক ৮০ লক্ষ টাকা হবে ।

--------------------------------------------------------------------------------